

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং-৩৭.০৩.০০০০.০৬.১৯.০২৭.১৬- ৫৯৯


তারিখ : ০৬ নভেম্বর, ২০১৬খ্রি:

বিষয় : কারন দর্শানো প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, তার প্রতিষ্ঠানে অধ্যয়নরত দিপালী সিকদার, এআইডিটি টেকনোলজি, ৬ষ্ঠ পর্ব, ২য় শিফট এর বদলী সংক্রান্ত আবেদনপত্রের ফটোকপি স্বাক্ষরসহ দাখিল করা হয়েছে। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ৬ষ্ঠ পর্বের ফরম পূরণের সর্বশেষ তারিখ ২৪/১০/২০১৬খ্রি: হলেও আবেদনকারীর দাখিলকৃত পে-অর্ডার ২৭/১০/২০১৬খ্রি: তারিখের। ছাত্র-ছাত্রী বদলীর ক্ষেত্রে এরূপ আবেদনপত্র অধিদপ্তরে প্রেরণের ফলে এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ এবং গৃহীত কার্যক্রমে অহেতুক বিড়ম্বনা সৃষ্টি হচ্ছে।

প্রচলিত নিয়ম কানুন অনুসরণ না করে এ ধরনের আবেদন অগ্রনীত করার বিষয়ে কেন আপনার বিরুদ্ধে পরবর্তী ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হবে না সে বিষয়ে লিখিত ব্যাখ্যা আগামী ১০ কর্মদিবসের মধ্যে মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। দাখিলকৃত ব্যাখ্যার সাথে আবেদনকৃত ছাত্র/ছাত্রীর উপস্থিতি, ধারাবাহিক মূল্যায়ন প্রতিবেদন সংযুক্ত করতে হবে।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক


(ড. শেখ আবু রেজা)
পরিচালক (পিআইডব্লিউ)
ফোন-৯১১০৮০৪

অধ্যক্ষ

ব্রাহ্মণবাড়ীয়া পলিটেকনিক ইনস্টিটিউট
ব্রাহ্মণবাড়ীয়া।

অনুলিপি :

- ১। পরিচালক প্রশাসন/পরিঃ ও উন্নয়ন/পিআইডব্লিউ/পিআইইউ, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। সংযুক্ত কর্মকর্তা, ICT সেল, পত্রখানা জরুরী ভিত্তিতে ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
- ৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৪। নথি।